

বিনোদন

স্বস্তিকার আন্তরিকতায় মুগ্ধ ঐন্দ্রিলা, জানালেন অনুভূতি

প্রতিবেদক: বিনোদন ডেস্ক

প্রকাশের তারিখ: বুধবার, ০২ সেপ্টেম্বর ২০২৬, ০২:০০ PM



জনপ্রিয় রিয়্যালিটি শো ঐদিদি নম্বর ১-এর নতুন মৌসুমে উপস্থাপনার দায়িত্ব নিয়েছেন অভিনেত্রী স্বস্তিকা মুখার্জি। সঞ্চালক হিসেবে তার উপস্থিতি দর্শকদের নজর কেড়েছে। সহকর্মীদের কাছ থেকেও প্রশংসা পাচ্ছেন তিনি।

সম্প্রতি স্বস্তিকার আন্তরিক ব্যবহারে মুগ্ধ হয়ে আবেগঘন প্রতিক্রিয়া জানিয়েছেন অভিনেত্রী ঐন্দ্রিলা বোস। এবারের মৌসুমে ঐদিদি নম্বর ১-এর মধ্যে প্রতিযোগী হিসেবে হাজির হয়েছিলেন তিনি।

স্বস্তিকার সঙ্গে কাটানো সময়ের স্মৃতি সামাজিক যোগাযোগমাধ্যমে শেয়ার করেছেন ঐন্দ্রিলা। সেখানে তিনি জানান, একজন গুণী ও জ্যেষ্ঠ শিল্পীর কাছ থেকে পাওয়া সম্মান ও ভালোবাসা তাকে ছুঁয়ে গেছে।

ঐন্দ্রিলা বলেন, 'আমার প্রিয় অভিনেত্রী ও অনন্য সাধারণ মানুষ স্বস্তিকা মুখার্জির সঙ্গে দুর্দান্ত সময় কেটেছে।'

স্বস্তিকার ব্যক্তিত্বের প্রশংসা করে তিনি বলেন, একজন জ্যেষ্ঠ শিল্পী কীভাবে এতটা মার্জিত, আন্তরিক ও উদার হতে পারেন, তার অনন্য উদাহরণ স্বস্তিকা। সত্যিকারের আদর্শ মানুষের ব্যক্তিত্ব এমনই হওয়া উচিত।

মঞ্চে স্বস্তিকার উপস্থিতি ও আচরণও মুগ্ধ করেছে ঐন্দ্রিলাকে। মানুষকে গুরুত্ব দেওয়ার মানসিকতা তার বিশেষভাবে ভালো লেগেছে। এ কারণে স্বস্তিকার প্রতি তার শ্রদ্ধা ও ভালোবাসা আরও বেড়েছে বলে জানান তিনি।

এবার ঐদিদি নম্বর ১০-এ শুধু সঞ্চালক পরিবর্তন হয়নি। এসেছে আরও কিছু পরিবর্তন। আগে প্রতি পর্বে চারজন প্রতিযোগী অংশ নিতেন। এবার একসঙ্গে অংশ নিচ্ছেন একঝাঁক প্রতিযোগী।

শুধু তা-ই নয়, অনুষ্ঠানটির সম্প্রচারের সময়ও বদলেছে। নতুন মৌসুমে রাত ১০টা ১৫ মিনিটে প্রচারিত হচ্ছে ঐদিদি নম্বর ১০।

এ বিভাগের আরও খবর



একসময় গরিব ছেলে পছন্দ ছিল: প্রভা
অভিনেত্রী সাদিয়া জাহান প্রভাকে এখন পর্দায় কালেভদ্রে দেখা যায়। তবে সামাজিক যোগাযোগমাধ্যমে নিয়মিতই সরব তিনি। বিভিন্ন পোস্টের মাধ্যমে অনুসারীসে...



বিমানবন্দরে গ্রেপ্তার অগ্নি বিশ্বাসের ঐশিকার ঐ নায়ক
হত্যা মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশ গ্রেপ্তারচাকা প্রতিনিধি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় সংঘটিত একটি হত্যা মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশকে...



এক হাজার টাকায় শুরু, শেষটা নিঃস্ব হয়ে: জুয়া নিয়ে ভিডিও বানিয়ে প্রশংসায় চমক
এক হাজার টাকায় শুরু, শেষটা নিঃস্ব হয়ে! সহজে টাকা আয়ের রতিন যুগে অনলাইন জুয়ার ফাঁদে পড়েছিলেন শিহাব নামের এক
যুবক। হারানো টাকা ফেরত পাওয়ার...



ইতালিতে বাঁধনের ওপর হামলাকারী ৩ ব্যক্তি শনাক্ত
অভিনেত্রী আজমেরী হক বাঁধনের ওপর হামলা ও হেনস্তার ঘটনায় জড়িত কয়েকজনের পরিচয় পাওয়া গেছে। ভিডিও বিশ্লেষণ করে
তাদের মধ্যে শিপল মাহমুদ বিপ্লব, ইল...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/entertainment/sbstikar-antriktay-mugdh-oindrila-janalen-onubhuti>